# কঠিনের কাছে পৌঁছানো ঃ প্রত্যন্ত গ্রামাঞ্চলের সদস্য-মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠানের তুলনামূলক গবেষনা

Rewa Misra

COADY
INTERNATIONAL INSTITUTE
ST. FRANCIS XAVIER UNIVERSITY

With funding by FORD FOUNDATION

Antigonish, Nova Scotia, Canada • 2008

# প্রাথমিক কৃষি ঋণ সমিতি সংযোগ, ভারত ঃ প্রত্যন্ত গ্রামীন অঞ্চলের আত্মনির্ভরশীল সমিতি (SHG) সর্বোৎকৃষ্ট কিছু করতে পারে?

## সার সংক্ষেপ


প্রত্যন্ত গ্রামীন এলাকাগুলোতে আর্থিক প্রতিষ্ঠানের সাথে কমিউনিটি ভিত্তিক সমিতির সংযোগ ব্যাপক বিস্তারের সম্ভাবনা রয়েছে। গ্রামীন এলাকাগুলোতে বিভিন্ন ধরনের সমিতির (যেমন, ASCA, SHG, সঞ্চয় ও ঋণ সমিতি, এমনকি কৃষক অথবা মৎস্য সমিতি) ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। তারা সদস্যদের জন্য সুবিধাজনক ও নমনীয় কিছু সুবিধা প্রদান করে, যেখানে সামান্য কিংবা কোন বিকল্প সুযোগ নেই। লিংকেজ এই সমিতিগুলোকে অতিরিক্ত সুবিধা দিতে পারে, যেমন বড় ধরনের ঋণ পাবার সুবিধা, সঞ্চয়ের নিরাপদ স্থান এবং সদস্যদের গ্রাজুয়েশনসহ বড় ধরণের সেবা পাওয়ার সম্ভাবনা।

ভারতে National Bank of Agriculture and Rural Development (NABARD) এর অধীনে SHG সমূহ ব্যাংক এর গ্রাহক হিসেবে স্বীকৃত হয়ে আসছে। দল বা সমিতি হিসাবে এটি একটি শক্তিশালী নীতি, যা বিশ্বের অন্যান্য দেশে গ্রাহক বা সদস্যদের নীতিগতভাবে স্বীকৃতি দেয়নি। ভারত বর্তমানে বিশ্বের অনেকগুলো গ্রামীণ আর্থিক ব্যবস্থার একটি হিসেবে আর্বিভূত হয়েছে। এ কর্মসূচিটি ১৯৯২ সালে শুরু হয় এবং ২০০৭ সালের মার্চ পর্যন্ত ৪০ মিলিয়নেরও বেশী পরিবারকে নিয়ে ২.৯ মিলিয়ন ব্যাংক সংযুক্ত SHG গঠিত হয়। কমার্স ব্যাংক, আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ও সমবায় ব্যাংক সহ অনেক আর্থিক প্রতিষ্ঠানের লিংকেজ আছে। এই কেসটি দুটি ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের সংযোগ পরীক্ষা করছে। যথা- মিতব্যয়ীতা ও ঋণ সমিতি যাকে SHG বলে, এবং অপরটি সরকার সমর্থিত ঋণ সমবায় সমিতি যা প্রাইমারী এগ্রিকালচারাল সোসাইটি (PACS) নামে পরিচিত। এই লিংকেজ গ্রামীণ মহিলা দলের শক্তিশালী নেটওয়ার্কের মাধ্যমে আরও বৃহৎ ও গভীরভাবে গ্রামীণ সমবায় বিস্তার লাভ করেছে। যখন সমবায় ব্যবস্থার মত প্রাতিষ্ঠানিক গ্রীডের সাথে সংযুক্ত করা হয়। তখন এই মডেল কার্যত ভারতের প্রতিটি গ্রামে ছড়িয়ে পড়ে।

ইস্যুসমূহ এখনও বিদ্যমান আছে। বেশীর ভাগ সংযুক্ত SHG সমূহ ভারতের দক্ষিণাঞ্চলে অবস্থিত এবং অর্ধেকের মত SHG সদস্যরা গরীব। সরকার যথেষ্ট চালাকি করে যেহেতু SHG এর সাধারণ সদস্যদের বিবেচনা করে। তাই তাদের PACS এর উপর প্রভাব খাটানোর ক্ষমতা খুবই সীমিত। অসংযুক্ত SHG হিসেবে তাদের কিছু নমনীয়তা রয়েছে যা তারা হারাতে পারে সেহেতু PACS তাদের আভ্যন্তরীন সঞ্চয় অথবা সংচ্ছলতার জন্য প্রতিযোগিতা করে।

তথাপি, পশ্চিম বাংলার তুলনামূলক সাফল্য থেকে বলা যায়, এই মডেল/ প্রত্যন্ত অঞ্চলের জন্য খুবই সম্ভাবনাময়। PACS-SHG সংযোগ অন্যান্য লিংকেজ মডেলের তুলনায় গ্রাম পর্যায়ে খুবই ব্যাপক সম্ভাবনাময়। সমবায় সমিতির দৃষ্টিকোণ থেকে দেখা যায় যে, SHG সমূহ স্থায়ীত্বপূর্ণ সদস্যদের ভিত্তি এবং ক্রমবৃদ্ধিমূলক মূলধনের সেবা প্রদান করে। SHG তাদের সম্পদের এক চর্তুথাংশ সৃষ্টি করে। PACS এর একজন স্বতন্ত্র সদস্যদের তুলনায় SHG সদস্যদের ঋণ পরিশোধের হার বেশী দেখা যায়। SHG একটি প্রডাকট্ হিসেবে আকর্ষনীয় এবং আর্থিকভাবে সাধ্যের মধ্যে। ইহা PACS এর স্থায়ীত্ব যা মডেলকে সীমিত রাখে।

প্রত্যন্ত অঞ্চলের SHGর পরিপ্রেক্ষিতে ইহা সীমিত পরিসরে এটিই সর্বোৎকৃষ্ট পন্থা। SHG সদস্যরা PACS কে বিশ্বাস করে কারণ স্থানীয় কর্মীরা সদস্যদের সাথে অবাধ চলাফেরা, আসা যাওয়া করে ও কর্মীদের স্থানীয় জ্ঞান আছে ও সঞ্চয়ের নিরাপত্তা প্রদান করে থাকে। যাইহোক, সদস্যদের নিজস্ব SHGর সাথে নিবিড়ভাবে মালিকানা বোধকে অনুভব করে যা তাদেরকে গুরুত্বপূর্ণ ও অতিরিক্ত প্রডাকট নমনীয়তা ও আর্থিক সুবিধা প্রদান করে। পরিপক্ক SHG সমূহ বিকল্প ব্যবস্থা খুঁজে নেয় যা আকর্ষণীয়ও বটে। এককথায় SHG-PAC সংযোগ প্রত্যন্ত এলাকার জন্য খুবই শক্তিশালী হতে পারে। PACS তাদের স্বাধিকারের ভিত্তিতে লিংকেজ মডেলের একটি অধিকতর শক্তিশালী আর্থিক প্রতিষ্ঠান হতে পারে যা আরো বৃহৎ এবং প্রত্যন্ত অঞ্চলের সদস্যদের দীর্ঘমেয়াদী সেবা প্রদান করতে পারে। যদি তারা SHGর দলের সদস্যদেরকে পরিচালনা করতে চায় তবে SHG সদস্যদের নমনীয়তা, সংশ্লিষ্ট সেবা এবং পরিপূর্ণ সদস্যের অধিকার এবং সিদ্ধান্ত গ্রহনের ক্ষমতা দেয়া প্রয়োজন।

# অবস্থা ও বিষয় নির্বাচন

## *জাতীয় অবস্থা ঃ*

ভারতের ১.০২ বিলিয়ন জনগোষ্ঠার ৭২% শতাংশ গ্রামাঞ্চলে বসবাস করে। (Census of India, 2001)। বৃহৎ জনগোষ্ঠীর স্বল্পমেয়াদী ঋণ চাহিদা মেটানোর জন্য সমবায় ব্যাংক, কমার্শিয়াল ব্যাংক (সরকারী ও বেসরকারী উভয় মালিকানাধীন) এবং আঞ্চলিক গ্রামীন ব্যাংক (আরআরবি) এই তিনটি সংস্থা প্রধান ভূমিকা পালন করে। ভৌত নেটওয়ার্কের ক্ষেত্রে ভারতে বিশ্বের সার্বিক আর্থিক সেক্টের রয়েছে যেখানে বাণিজ্যিক ব্যাংকের ৩২,০০০ গ্রামীন শাখা, ১৪০০০ সমবায় ব্যাংক শাখা, ১১২,৬০৯টি প্রাইমারী এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি (PACS), আনুমানিক ১০০০ ক্ষুদ্রঋন দানকারী প্রতিষ্ঠান (MSI), ১৫৪০০০টি পোষ্ট অফিস নেটওয়ার্ক যা মূলত সঞ্চয় সংগ্রহ করে এবং ২.৯ মিলিয়ন আত্মনির্ভরশীল সমিতি (SHG) রয়েছে। এই আউটরীচের ক্ষেত্রে পলিসি ও আর্থিক উদারতার অনেক অবদান রয়েছে। ১৯৬৯ সালে ব্যাংক জাতীয়করন, ১৯৯০ সালে আর্থিক উদারনীতি গ্রহন, গ্রামীন এলাকায় ৩০,০০০এর বেশি ব্যাংক শাখা চালুকরন (যেখানে কমার্শিয়াল ব্যাংকের কোন অস্তিত্ব ছিলনা, (Burgess & Pande, 2005)| ১৯৯০ সালে আনসার্ভড এলাকাগুলোতে আর্থিক প্রতিষ্ঠানের কভারেজ বিস্তারের লক্ষ্যে কিছু নীতি গৃহীত হয় যেমন ১.৪ লাইসেন্স নীতি ও সার্ভিস এরিয়া এ্যাপ্রোচ, যায় উভয়টি এখন বন্ধ। এই গৃহীত পদক্ষেপটি প্রত্যন্ত অঞ্চলে যেখানে ব্যাংক নেই সেই এলাকাগুলোতে গ্রামীন ব্যাংক ব্রাঞ্চ কভারেজের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। এছাড়া সকল কমার্স ব্যাংক মোট ব্যাংক ঋণ এর ৪০% সংগ্রহ করে অগ্রাধিকার ভিত্তিতে সরবরাহ করে ভারতের জেনারেল ইন্সুরেন্স এজেন্সীগুলো তাদের গ্রামীন কার্য এলাকা হতে তিন বছরের মধ্যে তাদের সর্বমোট প্রিমিয়ামের ৫% সংগ্রহ করে (২% ১ম বছর)।

যাইহোক ভারত সরকার ২০০৩ সালে লক্ষ্য করেছে যে, প্রতিষ্ঠানগত এজেন্সীর মোট গ্রামীন ঋণের নিম্নমুখী প্রবনতা যা ১৯৯১ সালে ৬৪% ছিল, ২০০২ সালে ৫৭% এ দাড়িয়েছে, যেখানে গ্রাম্য মহাজনের অংশ ১৭.৫% থেকে বেড়ে ২৯.৬% হয়েছে। প্রায় ৪৮% গ্রামীন পরিবার, ৫১% ফার্ম পরিবার এবং ৭৮% গ্রামীন নন ফার্ম পরিবারের ব্যাংকিং সেবার ক্ষেত্রে প্রবেশাধিকার নেই এবং মার্চ ২০০৭ অনুযায়ী, দেশের ৫৮ মিলিয়ন এন্টারপ্রাইজের বেশিরভাগ প্রতিষ্ঠান ঋণের সহায়তা পায়নি। (EPW Research Foundation, 2007).

সমবায় এবং অনেক পরে আত্মনির্ভরশীল দল (SHG) ব্যাংক লিংকেজ কর্মসূচীর প্রধান লক্ষ্য ছিল ভারতে অপরিবর্তিত আর্থিক অবস্থার বহিস্করন মোকাবিলা করা। PACS প্রাতিষ্ঠানিকৃত ও নিবন্ধীকৃত এবং SHG (বিকেন্দ্রীকরণ ও অনানুষ্ঠানিক) ভারতের অতি গ্রামীণ ও বহুল সংখ্যক আর্থিক প্রতিষ্ঠান। EDA Rural Systems & APMAS, (2006) গবেষনায় দেখা যায় যে চার ধরণের আর্থিক ক্যাটাগরির মধ্যে প্রথম দুই ধরণের গরীব সদস্য ৫১% রয়েছে। (খুবই গরীব-১৫%, গরীব ৩৬%,বর্ডার লাইন দরিদ্র ৩২%, এবং গরীব নয় এমন ১৭%)। SC/ST এর অনুপাতে স্যাম্পলের ৫৫% গোটা দেশের তুলনায় খুবই বেশি, এবং বিধাবা ১০% যা গোটা ভারতে একই পরিমান দেখা যায়। মোট SHG সদস্যদের প্রায় অর্ধেক গরীব সদস্য, যা অন্যান্য গবেষণায় ও দেখা গেছে।

সাম্প্রতিককালে SHG ও PACS গ্রামীন আর্থিক বাজারের বিভিন্ন স্থান তাদের দখলে রেখেছে। PACর সকল সদস্যই পুরুষ আর SHGর ৯০% সদস্যই হল মহিলা। (NABARD, 2007) গড়ে PACS এর সদস্য সংখ্যা যেখানে ১০০০ সেখানে SHGর সদস্য সংখ্যা সর্বাধিক ২০জন রয়েছে। কৃষি খাতে PACS এর সিংহভাগ (৫৫%) ঋণ প্রদান করে (Government of India, 2005), যেখানে SHGর খাবার ক্রয়সহ বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের জন্য ঋণ দিয়ে থাকে। দুটি ভিন্ন সদস্যভিত্তিক মালিকানা প্রতিষ্ঠানের মধ্যে সংযোগ স্থাপন করা একটি চ্যালেঞ্জিং কাজ। SHGর গ্রামীণ আর্থিক প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত হওয়ার বিশাল পরিসর রয়েছে। কিন্তু প্রত্যন্ত গ্রামীণ এলাকাগুলোতে আর্থিক সেবা প্রদানের জন্য PACS লিংকেজ জনগনকে সহায়তা করেছে একটি বিশ্বস্থ ও স্থানীয় উৎস হিসাবে। কিছু এলাকায় মহিলারা তাদের স্থানীয় মহাজন এমনকি SHGর তুলনায় অতি সহজে বিশাল পরিমানে ঋণ গ্রহন করতে পারে। এই লিংকেজ গ্রামীণ MOIS এর বিশাল নেটওয়ার্কে আর ও প্রসার, ব্যাপক গ্রামীণ আর্থিক আউটরীচের সুযোগ সৃষ্টিতে সহায়তা করে। এটি PACS গ্রামীণ এলাকাগুলোতে পরিচালনা বাবদ বেশি খরচ ছাড়াই পৌঁছতে সহায়তা করে এবং ঠিক একই সাথে কৃষি ঋণ হতে পৃথক করেছে, যা ঐতিহাসিকভাবে সমবায় সেক্টরের জন্য বড় ধরণের ঝুঁকি হয়েছিল।

PACS স্বল্প মেয়াদী সমবায় ঋণ প্রতিষ্ঠান এবং গ্রাম পর্যায়ে ত্রিস্তর বিশিষ্ট গ্রামীণ সমবায় সিষ্টেমের একটি অংশ এবং জেলা পর্যায়ে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংক (DCCB) এবং রাষ্টীয় সমবায় ব্যাংক এর সাথে সন্নীবদ্ধ। PACS হল DCCB এর সদস্য যা আবার রাষ্টীয় সমবায় ব্যাংক এরও সদস্য। অন্যান্য সমবায়সমূহ যারা DCCB এর সদস্য তারা হস্তচালিত তাঁতী ও জেলে কম্যুনিটি সদস্য। ১৯০১ সালে প্রথম ভারতের ফেমিন কমিশন কর্তৃক সমবায়ের জন্য চাপ দেয়, যা একজন জার্মান রাজনীতিবিদ ও সমাজ সংস্কারক Friedrich Raiffeisen কর্তক উন্নয়নকৃত মডেলের ভিত্তিতে ভারতের কৃষকের সহজে সস্তা ঋণ পাবার সুপারিশ করে। ১৯০৪ সালে বৃটিশ কর্তৃক ভারতের ১ম সমবায় আইন চালু করা হয়। এই আইন কেবলমাত্র সমবায় ঋণের সুপারিশ করে অনুমোদন এবং সর্বপ্রকার সমবায়কে আত্মীকৃত করার জন্য ১৯১২ সালে এই আইন পূন:সংস্কার করা হয়। পরবর্তীতে ১৯১৯ সালে তাদের নিজস্ব সমবায় আইন কার্যকর করার জন্য প্রাদেশিক/রাষ্ট্রীয় ক্ষমতা প্রদানের মাধ্যমে প্রশাসনকে ঢেলে সাজানো হয়। এই পদক্ষেপ উপমহাদেশে সমবায়ের ইতিহাসে প্রথম ২৫ বছরের মধ্যে ১০০,০০০ এর বেশি সমবায় গঠনে সর্বাত্নকভাবে সাহায্য সহযোগিতা করে।

বর্তমান সিস্টেম হল শত বছরের পলিসি ও রেগুলেটরীর ফলাফল যা গ্রাম পর্যায়ে সহজশর্তে ঋণ গ্রহনের নিমিত্তে গঠিত বিশেষ করে কৃষি পরিবারগুলোতে। ক্রেডিট কোঅপারেটিভের দুর্বল পারফমেন্সের কারনে শাসন ও ব্যবস্থাপনা বিষয়ক ঝুঁকি নিরসনে বিশাল শক্তিশালী নেটওয়ার্ক নিয়ন্ত্রনে সরকার ১৯৯০ সাল পর্যন্ত শক্তভাবে নিয়োজিত ছিল। সাম্প্রতিক একটি গবেষণায় দেখা গেছে যে, (Government of India, 2006) PACS মাত্র ৬০% স্থায়ীত্বশীল। আর ও সাম্প্রতিককালে দেখা গেছে যে, PACS এর আউটরীচের বিস্তৃতি ও গভীরতা স্বীকৃতি পেয়েছে যতটুকু পরিবর্তন প্রাপ্তিতা, এই সিষ্টেম এর জন্য উর্দ্ধমুখী যা PACS এর জন্য স্থায়ীত্বশীল গ্রামীণ আর্থিক প্রতিষ্টান হিসাবে প্রতিশ্রুতি দিয়েছে। এ সংক্রান্ত সুপারিশ মালা সংযুক্ত এ তে লিপিবদ্ধ করা হল ।

প্রকৃত পক্ষে বাণিজ্যিক ব্যাংক হল PACS এর প্রধান প্রতিযোগী বিশেষ করে কৃষি ঋণের ক্ষেত্রে মার্কেট শেয়ার হল কমার্স ব্যাংক ৬৭% সমবায় বা কোঅপারেটিভ ব্যাংক ২৩% (NABARD, 2005-06) তারা SHG সংযোগের ক্ষেত্রে মূল প্রতিযোগী, ১.১ মিলিয়নের বেশি SHG (Harper, et al., 2004)| ঠিক একই ভাবে RRB এর বর্তমান ৭৪০০০০ এর অধিক SHG সংযুক্তি আছে যা কোঅপারেটিভের তুলনায় বেশি, যেখানে কোঅপারেটিভ ৩০৭৫৪৩। সার্বিকভাবে কোঅপারেটিভের তুলনায় SHG এর সংযুক্তি তুলনামূলক ভাবে বেশি বৃদ্ধি পাচ্ছে। ২০০১ সালে এর সংখ্যা ছিল ৪.৮৪% (Berkhoff, 2003) এবং এটি ২০০৬ সালের মার্চের মধ্যে বৃদ্ধি পেয়ে ১৩% হয়েছে (NABARD, 2006)| ২০০৬ সালে SHG এর সংযুক্তি সংখ্যা ক্রমপুঞ্জিভূত পারফমেন্স থেকে দেখা যায় যে, কোঅপারেটিভ RRB বাণিজ্যিক ব্যাংকে অতিক্রম করেছে, (ছক ১)।

সমবায় ও SHG উভয়ের লিংকেজ ভারতে তুলনামূলকভাবে দেরীতে শুরু করেছিল সমবায় ঋণ ব্যবস্থা (CCS) ও SHG উভয়ের লিংকেজ নিম্নোক্ত দুটি নিম্নর শ্রেনীর মাধ্যমে নেয়া যেতে পারে তবে ইহা বৃহৎভাবে (PACS)| DCCB পর্যায়ের মাধ্যমে NABARD হতে তথ্য প্রাপ্তি সাধ্য যা DCCB I PACS সংযুক্ত দলের তথ্য নিম্নে প্রদান করা হল।

**ছক ১ ঃ বিভিন্ন গ্রামীণ আর্থিক প্রতিষ্ঠানে SHGর সংযোগ অবস্থার তথ্যাবলী।**

| | **DCCBs** | **RRBs** | **বাণিজ্যিক ব্যাংক (PSB ও বেসরকারী খাত)** |
|---|---|---|---|
| **SHG**র ক্রমবর্ধিষ্ণু, সংখ্যা ঋন সরবরাহসহ (মার্চ ২০০৬) | ৩০৭,৫৪৩ | ৭৪০,০২৪ | ১,১৮৮,০৪০ |
| ক্রমপুঞ্জিভুত ঋন বিতরন (মার্চ ২০০৬ পর্যন্ত) | US $ ২৫১ মিলিয়ন | US $ ৭৭২ মিলিয়ন | US $ ১,৬২৪ মিলিয়ন |
| ঋণ প্রদানকারী SHGর সংখ্যা (এপ্রিল ২০০৫-মার্চ ২০০৬ এর মধ্যে) | ৯৬,৪০৬ | ১৭৬,১৭৮ | ৩৪৪,৫৬৭ |
| ক্রমপুঞ্জিভুত পারফরমেন্স (%) | ৩১% | ২৩% | ২৯% |
| ঋন বিতরণ (এপ্রিল ২০০৫ ও মার্চ ২০০৬ এর মধ্যে) | US $ ১০২ মিলিয়ন | US $ ২৮৪ মিলিয়ন | US $ ৬৫৭ মিলিয়ন |
| ক্রমপুঞ্জিভূত পারফরমেন্স (%) | ৪০% | ৩৬% | ৪০% |

NABARD, ২০০৬

১৯৯২ সালে যখন ব্যাংক লিংকেজ কর্মসূচী NABARD এর সহায়তায় শুরু করেছিল তখন এর অধিক ফোকাস ছিল বাণিজ্যিক ব্যাংক (Harper, et al., 2004) যাইহোক সম্ভাবনা যা SHG ও CCS লিংকেজ PACS আউটরীচ বৃহৎ পরিসরে সম্প্রসারনের জন্য উভয় এপেক্স ব্যাংকে গৃহীত হওয়ার জন্য প্রস্তাব করল যা জেলা কেন্দ্রীয় কোঅপারেটিভ ব্যাংকের (DCCB) সহায়তায় সক্রিয় হল এবং SHGর সাথে PACS লিংকেজ পুনঃ অর্থায়ন, তত্বাবধায়ন ও প্রশিক্ষন অনুদান প্রদান করে।

জাতীয় মানদন্ডে গ্রামীণ এলাকা গুলোতে অন্যান্য আনুষ্ঠানিক আর্থিক প্রতিষ্টানের তুলনায় PACS বৃহৎ পরিসরে বিস্তার লাভ করে। ১০০০০০ এর বেশি PACS থাকা সত্ত্বেও ভারতে প্রতি ৬টি গ্রামে ১টি মাত্র সমবায় সমিতি রয়েছে, যেখানে মোট সদস্য সংখ্যা ১৩৫ মিলিয়ন। বাণিজ্যিক ব্যাংক এ সংখ্যার এক চতুথাংশ রয়েছে। এমন কি PACS এর প্রায় ৪০% কে যদি মনে করি যে, এটি স্থায়ীত্বপূর্ণ নয় তাহলে এটির আউটরীচ কমার্সিয়াল ব্যাংকের তুলনায় ভাল।

কমার্শিয়াল ব্যাংকের তুলনায় কোঅপারেটিভ ব্যাংক এর অধিক বিস্তৃতি অধিক যা এ্যাকাউন্ট সংখ্যায় চার গুণের কাছাকাছি। গড়ে PACS এর ঋণ বাণিজ্যিক ব্যাংকের এক পঞ্চমাংশ, যা PACS এর US $ ১৫৪ এবং বাণিজ্যিক ব্যাংকের US $ ৭৩৫। একটি দেশ যেখানে স্বল্প ও ক্ষয়িঞ্চু ভূমি ও মালিকানা প্রথার বেশি, সেখানে গ্রামাঞ্চলে সমবায় ব্যবস্থা অন্যান্য প্রাতিষ্ঠানিক ফার্মের চেয়ে ব্যাপক (Government of India, 2005)| গ্রামাঞ্চলে PACS এর প্রসারতা ও ব্যাপকতা RRB'র ব্যাপকতাকে ও ছাপিয়ে গিয়েছে যা ১৯৭৫ সালে চালু করা হয়েছিল মূলত গ্রামাঞ্চলে আর্থিক সেবা প্রসারিত করার জন্য।

**ছক ২ ঃ RRB এবং সমবায় কর্তৃক গ্রামীন বাজার কভারেজের তুলনামূলকচিত্রঃ**

| | RRBS | সমবায় ব্যাংক (প্রধানত:PACSর মাধ্যমে) |
|---|---|---|
| সংখ্যা | ১৯৬ | ৩৯৭ |
| মোট সঞ্চয় ব্যালেন্স (US বিলিয়ন) | ১০ | ২১ |
| মোট ঋণ স্থিতি (US বিলিয়ন) | ১০৪.২৭ | ১৯.১৩ |
| গ্রামীণ পর্যায়ের ঋণ (মোট ঋনের %) | ৭২% | ১০০ |
| ক্ষুদ্র গ্রামীণ খাতে ঋণ (US$ ৪২০০ এর নীচে মোট ঋণ স্থিতির %) | ৬৫% | >৯০% * |

নোটঃ সকল সংখ্যা মার্চ ২০০২ পর্যন্ত, সমবায় ব্যাংক এবং গ্রামীন ব্যাংকের শেয়ারের তথ্যব্যাতীত যেখানে মার্চ ২০০১ এর তথ্য উপস্থাপন করা হয়েছে। * লেখকের হিসাব। RBI (2001, 2002a) in Sinha, et al (2003)

অধিক সদস্য সুপ্ত থাকা সত্বে এমন সমাজে ৫০ মিলিয়নের বেশী ঋণী আছে যা সত্যিই তাৎপর্যপূর্ণ। সদস্যের পরিমাণ গভীরভাবে নির্দেশ করে যে, সমাজের ৩০% সদস্য এবং ২০% ঋণী, যা ভারতের অধিক সুবিধাবঞ্চিত সামাজিক শ্রেণীর জনগোষ্ঠী। যা RRB ও বাণিজ্যিক ব্যাংকের চেয়ে বেশি।

তথাপি প্রশ্ন থেকে যায় যে, প্রত্যন্ত অঞ্চলে SHG'র জন্য PACS সর্বোকৃষ্ট পন্থা কিনা? PACS কি SHG'র চাহিদা পূরণ করে বিশেষ করে তহবিল প্রপ্যতা, ব্যয় ইত্যাদি। তারা কি এধরনের সেবা প্রদানের উৎস অনুসন্ধান করে এবং তারা কি আর্থিক ভাবে স্বয়ংসম্পুর্ন। PACS লিংকেজ অপশন বিশেষ ভাবে তাদের কাঠামোগত প্রাতিষ্ঠানিকীকরনের জন্য মালিকানাবোধ ও শাসন বিষয়ক আরও অতিরিক্ত মূল্যবান কোন সেবা প্রদানের ব্যবস্থা করে কি? চূড়ান্তভাবে উপরক্ত ইস্যুগুলোর জন্য কোন নিয়ম নীতি (রেগুলেশন) এবং তত্ত্বাবধান বিষয়ক আছে কি না? পশ্চিম বাংলার প্রত্যন্ত অঞ্চলের PACS এর ভাল পারফারমেন্স গভীর মনোযোগ সহকারে গবেষণার মাধ্যমে নিম্নোক্ত অধ্যায়গুলোর প্রশ্নের উত্তরগুলো মাধ্যমে জানা যাবে।

**ছক ৩ : প্রাথমিক কৃষি ঋণ সমিতি (PACS)- সদস্য পদ ঃ**

| মার্চ পর্যন্ত | ২০০২ | ২০০৩ | ২০০৪ |
|---|---|---|---|
| সোসাইটির সংখ্যা | ৯৮০০০ | ১১২০০০ | ১০৬০০০ |
| নিম্নের সকল তথ্য মিলিয়নে | | | |
| সর্বমোট সদস্যপদ | ১০২.১৪ | ১২৩.৫৫ | ১৩৫.৪১ |
| ক) সিডিউল বর্ণ | ১৩.৭৩ | ৩৩.১৮ | ৩০.৬১ |
| খ) সিডিউল গোত্র | ১০.০৬ | ১২.০২ | ১১.৮৯ |
| মোট ঋণীয় সংখ্যা (%) | ৫৫.৫৫ | ৬৩.৮৮ | ৫১.২৭ |
| ক) সিডিউল বর্ণ | ৭.৩৬(১৩.২%) | ১১.৫(১৮%) | ৬.৪৯(১২%) |
| ক) সিডিউল গোত্র | ৪.১(৭.৩%) | ৮.০৭(১৩%) | ৩.৪৪(৬.৭%) |

NAFSCOB

***স্থানীয় প্রসঙ্গঃ***

SHG ব্যাংক সংযোগের ক্ষেত্রে যে সব প্রদেশ প্রথম সারিতে আছে তাদের মধ্যে পশ্চিম বাংলা দ্রুত এবং তাৎপর্যপূর্ণ অগ্রগতি সাধন করেছে। দক্ষিণ ভারতের বাহ্যিক বিশেষ করে, কর্নটক প্রদেশ, পশ্চিম বাংলা SHG সমবায় যোগ সূত্রের বৃহৎ সংখ্যক রয়েছে যাতে মনে হয় ঐ প্রদেশসমূহ সমবায়ের জন্য রাজনৈতিক সহায়তা পেয়েছে। (Harper, et al. 2004) মুলত DCCB দেশের SHGর সর্বোচ্চ ক্রমপুঞ্জিভুত সংখ্যা ও দ্বিতীয় সবোর্চ্চ বর্তমান SHG লিংকেজের দাবীদার, যা পশ্চিম বাংলার ক্ষেত্রেও প্রযোজ্য।

এক্ষেত্রে পশ্চিম বাংলার SHG স্বকীয় ইস্যুর মুখোমুথি হতে পারে। ভারতের কমিউনিষ্ট পার্টি (মার্ক্স) স্বেচ্ছাসেবকগণ দলের বিভিন্ন ব্যাপারে, যেমন বুককিপিং, রিপোর্টিং ইত্যাদি উন্নয়নে এক গুরত্বপূর্ণ ভুমিকা পালন করে (Harper, et al. 2004) অপেক্ষকৃত কম প্রত্যন্ত অঞ্চলে, দলগুলোতে সিপিআই (এম) স্বেচ্ছাসেবীদের উপস্থিতির মাধ্যমে দলগুলোর সাথে আমাদের পারস্পরিক ক্রিয়া থেকে তা পাওয়া গেল। বারারাঙ্গা PACS এর প্রভাব কিছুটা কম, প্রত্যন্ত এলাকা হওয়াতে অথবা অপেক্ষাকৃত কম SHG হওয়ার কারণে। যখন মধ্যস্থতা মান নিরূপনের লক্ষস্থল হতে সহায়ক হয়। SHGর সংগৃহিত সম্ভাবনাময় ঝুকির গতিবেগ যা দলের উপর প্রভাব বিস্তারের জন্য ভাল কিছু করতে পারে ফলে তারা একটি গুরুত্বপূর্ণ ভোট ব্যাংক গঠন করতে পারে। প্যাক তাদের নিজেদেরকে ভারতের বিভিন্ন প্রকার সমবায়ে অন্তর্ভূক্ত করে। যখন প্রতিষ্ঠানিক স্বায়ত্বশাসন ও সদস্য নিয়ন্ত্রনের সাধারণ বিভক্তিকরণে রাজনৈতিক আগ্রহ আছে যদি না তাদের অর্জনের তুলনায় বেশি কিছু দূর্ভোগ আছে। PACS (৯ বছর) রাষ্ট্রের SHGর প্রায় ৪৫% জাতীয় পর্যায়ে মার্কেট শেয়ারের হার ভাল সমবায়ের যোগ সূত্র ঘটিয়েছে। সাধারনভাবে, সমবায় সেক্টরের স্বাস্থ্য দপ্তর এখানে PACS এর লাভের ক্ষেত্রে পাঁচ শীর্ষস্থান দখলকারীর মধ্যে এটি পশ্চিম বাংলার ক্ষেত্রে খুবই ভাল। (Goverment of India, 2005).

পশ্চিম বাংলা SHG লিংকেজের জন্য একটি সহায়ক পরিবেশ তৈরি করেছে যা প্রাথমিক দল সমূহকে গ্রহন করে, যেগুলো ফল বা সমবায় হিসেবে নিবন্ধীকৃত নয়। যেমনঃ SHG সমবায়ের সদস্য হতে পারে। এটি কিছু বড় ধরনের সুযোগ প্রদান করে, যার মধ্যে SHG একটি নিবন্ধীকৃত সংস্থা হিসেবে গড়ে উঠার সুযোগ রয়েছে।

***বিষয় নির্বাচন ঃ***

যেহেতু প্রত্যন্ত গ্রামীণ এলাকার MOIS এর আউট রিচের উপর গবেষনার ফোকাস ছিল এবং বিশেষ করে এই এলাকাগুলো যেখানে দরিদ্র পরিবারগুলোর অনুপাত বেশি PAC-SHG লিংকেজ গবেষণার জন্য পুরুলিয়ার জেলা নির্বাচন করা হয়েছিল। যদিও প্রদেশের মধ্যে ইহা SHGর গতানুগতিক সাফল্যের আধাকাটা। ইহা পশ্চিম বাংলার মাটি পরিবেষ্টিত বর্ডারের একটি প্রত্যন্ত জেলা। পশ্চিম বাংলা ও বিহারের স্থানীয় মানচিত্রে এটি কেন্দ্রীয় অবস্থানে মনে হওয়া সত্বেও পশ্চিম বাংলা ও বিহারের খুব কাছাকাছি, যা এ অঞ্চলের সবচেয়ে প্রত্যন্ত ও অনগ্রসর জেলা।

**ছক ঃ ৪ পশ্চিম বাংলার মানচিত্র, পুরুলিয়া (জেলা) মানবাজার ১১ নং ব্লক**




Reproduced with permission.

পুরূলিয়া মান বাজার ১১ (জেলার ২০টি প্রশাসনিক উপজেলা একটি) এর মোট জনসংখ্যার ৫২% আদি বাসি/উপজাতি নিয়ে গঠিত। এটি ৮৫,২,৫৩ জনসমষ্টি নিয়ে একটি সম্পূর্ণ গ্রামীণ ব্লক (Census of India 2001)। বারারাঙ্গা PACS হল স্থায়ী রাস্তা হতে ৭ কিঃমিঃ দুরে এবং কৃষি মার্কেট হতে ৩০ কিঃ মিঃ দুরে একটি গ্রামে মানবাজার ব্লকে অবস্থিত। মানবাজার ২ ব্লকের সব চেয়ে বেশি প্রত্যন্ত এলাকার তালিকার জন্যে আমরা PACSর স্টাফদের নিকট অনুরোধ করি। এভাবে এ ব্লকে প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত ১৩৮২ জন সদস্যের ৭০% এবং ৭৫% SHG নিরূপন করতে আমরা সক্ষম হই। PACS অঞ্চলের মোট জনসংখ্যার ৮০% জন সংখ্যাই হলো উপজাতি/আদিবাসী ও অনগ্রসর বা পিছিয়ে পড়া জাতি (এর মধ্যে উপজাতির সংখ্যা প্রায় ৬০%)।

এখানকার পরিবারগুলো ব্যাপক হারে কৃষির উপর নির্ভরশীল এবং তারা একই রকম ফসল করে। মুলতঃ এপ্রিল ও আগষ্ট মাসে ধান চাষাবাদ করে থাকে। ধান উৎপাদন ছাড়া ও বারারাঙ্গা ব্লকের কিছু পরিবার (বিশেষ করে মহিলারা) পরিবারিক আয়ের স্বচ্ছলতার জন্য সবুজ ঘাস (দড়ি পাকানো ও ব্যাগ তৈরির কাজে ব্যবহারের জন্য) এবং সবজি চাষাবাদ করে থাকে। এজন্য কৃষি মজুরী ও পাথর ভাঙ্গা ছাড়া অন্য ধরনের শ্রমিক পাওয়া খুবই দুরহ। বিশেষ করে উপজাতি পরিবার গুলোর মধ্যে জীবকা নির্বাহের ক্ষেত্রে মৌসুম ভিত্তিক স্থানান্তর সাধারণ ব্যাপার।

***পদ্ধতি ঃ***

এই গবেষনার মুল উদ্দেশ্যে ছিল MOIs এর বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর সহায়তা প্রদান করা। যেমনঃ- তাদের রিমোট আউটরীচের গভীরতা, প্রস্ততা, পরিধি, দৈর্ঘ্য, সম্পদ ও খরচের কতটুকু সম্ভাবনা আছে। রিমোট বলতে এর নিজস্ব মার্কেট এ আনসার্ভড অথবা আনডার সার্ভডকে বুঝানো হয়েছে। ২য় পর্যায়ের পর্যালোচনা হল আউটরীচ কিভাবে নেটওয়াকিং ও লিংকেজ, গভর্নেন্স ও মালিকানাবোধ, রেজুলেশন এ সুপারভিশন এই তিনটি ক্ষেত্রে প্রভাবিত হয়েছে। যাচাই বাচাই এর পরিপ্রেক্ষিতে নিম্ন টায়ার এসোসিয়েশন SACCO গঠন করা হয়। অথবা সমিতি স্থাপনের বিভিন্ন ধরনের ইনপুট প্রোভাইডারের আর্থিক সহায়তা প্রদান অন্তর্ভুক্ত করা হয়েছে। (গবেষনার সংজ্ঞা ও সাধারণ কেস পদ্ধতি সংযুক্তি C তে দেখুন)

বারারাঙ্গা PACSর ৮৫ SHG লিংকের উপর দুই সপ্তাহ ধরে মাঠ গবেষনার মাধ্যমে এই গবেষণাটি পরিচালনা করা হয়েছিল। আউটরীচটির প্রস্থতা, গভীরতা. খরচ, সম্পদ, দৈর্ঘ্য, পরিধি এই ৬টি দৃষ্টিকোন থেকে Schreiner (1998) ক্ষেত্রে পরিমাপ করা হয়েছিল। অডিট তথ্যাবলীর পরিপ্রেক্ষিতে আর্থিক ও আউটরীচের ডাটাসমুহ PACSর জেলা স্তরের গবেষনার এ্যাসেসমেন্ট ব্যবহারের ক্ষেত্রে কভার করেছে। গভীরভাবে ফোকাস গ্রুপ আলোচনা ও ম্যাপিং অনুশীলনের মাধ্যমে **১১**টি সর্বাধিক রিমোট SHG নির্বাচন করা হয়েছে। বিশেষকরে বিকল্প আর্থিক সেবা ও মালিকানার যোগ্যতা/চাহিদার ভিক্তিতে। PACSর মুল স্টাফদের ও নিয়ন্ত্রন কারীদের সাথে সাক্ষাৎকারের মাধ্যমে দ্বিতীয় পর্যায়ের সমবায়ের কাঠামোর বিভিন্ন তথ্যসমুহ সংগ্রহ করা হয়েছে। ভারতের শত বৎসরের মুভমেন্টের কম্প্রেহেনসিভ স্টাডির মাধ্যমে PACS SHGর লিংকেজ তৈরী করল। (Herpal Etal 2004) দেখল যে, ১০টি ডিসিসিবি স্যাম্পল সম্পর্কিত বিস্তারিত তথ্য SHG I PACS লিংকেজের জন্য সরবরাহ করা হয়। এই নির্ধারিত কেসটি যাচাই বাছাই এর মাধ্যমে বর্তমান গবেষনা আলোকে তা বুঝানোর চেষ্টা করেছে।

**আউটরীচের প্রশস্ততা**

***বক্স নং-১ PACS কর্মীর মতামত ঃ***

আমাদের নিজেরই সকল সমিতি গঠন করি। আমরা পুরূলিয়ার অন্য ব্লকে PACS সাথে PRADAN এর কাজ দেখেছি। যা গঠনে NABARD এর সহায়তা ছিল। SHG গঠনের জন্য এ ব্লকে পর্যাপ্ত পরিমানে কোন এনজিও ছিলনা। আমরা সমিতিগুলোর সাথে বসি এবং SHGর ধারণা সর্ম্পকে বলি। আমরা ৩/৪টি মিটিং এ নিয়মিত তাদের পরিদর্শন করি এবং পরে তাদের বই সমুহ সময়মতো আপডেট রাখতে তাদের সহায়তা করি। কিন্তু তারা এতটাই নিবিড় যে, তারা শাখা সমুহে সময় ব্যয় করত এবং তাদের কোন প্রশ্ন থাকলে আমরা সেখানে তাদের প্রশ্ন সমাধান করে দিতাম। সেখানে আমাদের সময়টা এতটাই নমনীয় ছিল যে কেউ শাখা সমুহে সারাদিন কাটাতো। আমি (সেক্রেটারী) গন পার্শ্বের ঘরে বাসকরি। আমাদের মোট সদস্যদের মধ্যে SGSY* এর সমিতি সমুহকে গণনায় আনতে পারিনাই। কারণ এই সমিতিগুলো স্বক্রিয় নয় এবং কেবলমাত্র ঋন গ্রহনের জন্য এই সমিতিগুলোকে গঠন করা হয়েছে। SGSY সমিতির মহিলা সদস্যেদের স্বামীরা সমিতি গঠন করতে তাদের বলে। তারা নিজেরা ঋণ গ্রহণ করে এবং পড়ে তা পরিশোধ করে না। ভেঙ্গে যাওয়া সমিতিগুলো নিয়মিত ঋণ পরিশোধ করে না। এর ফলে আমাদের পারফর্মেন্সকে দুর্বল করেছে কাজেই আমরা এই সমিতিগুলোকে গণনার মধ্যে আনি নাই।

আমরা মনে করি SHG খুবই গুরূত্বপূর্ণ যদিও পশ্চিম বাংলায় সমবায় ব্যাংকের জন্য চিরস্থায়ী মেম্বারসিপ পলীসী রয়েছে মেম্বারসীপের কোয়ালিটি খুবই দুর্বল। সদস্যরা মোটেও সঞ্চয় করে না। যদি আপনি বর্তমান বিভিন্ন ধরনের একাউন্ট দেখেন তাহলে দেখা যাবে যে, সেখানে নামে মাত্র ১রূপি ডেপোজিটের হিসাবও রয়েছে যা নামে মাত্র। কিন্তু SGSY নিয়মিত সঞ্চয় করে এবং সময়মতো ঋণ পরিশোধ করে। তারা সকলেই স্থানীয় ক্ষুদ্র এলাকার কোন ব্যাংকে তাদের প্রবেশাধিকার নেই, কাজেই আমাদের সম্পর্কটা অনানুষ্ঠানিক। ব্যাংকের তুলনায় এটা অনেক অনানুষ্ঠানিক। আমি ( ম্যানেজার ) এই লোকজন গুলোকে চিনি এবং তাদের বাচ্চাদের বেড়ে উঠা লক্ষ্য করি। এটি ব্যাংকের চেয়ে ভিন্নতর। ব্যাংকটি ধনীদের জন্য প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হয়। আবার কখনও দরিদ্রের জন্য বিশাল কিছু মনে হয়। PACS ক্ষুদ্র অনানুষ্ঠানিক। অনেক সময় তারা আমাদের বাড়িতে সন্ধ্যার সময় আসত এবং ঋনের চাহিদা করে আমি তাদেরকে তা দিয়ে দিতাম। তারা কেবলমাত্র বেশি হার হওয়ার পরও ঋণ গ্রহণ করে। কিন্তু আমরা তাদেরকে নিয়মিত হারে দিতাম না। কারণ এটি একটি বড় অভ্যাস এবং আমরা খুবই অল্প সংখ্যক। যখন তারা বড় ধরনের ঋণ নিতে চাইতো তখণ আমরা বেশী হার দিতাম। কিন্তু আমরাই তাদেরকে পাশ বইটি ঠিক করতে সহায়তা করতাম। তারা প্রতিনিয়ত আমাদের কাছে আসত এবং সহায়তা নিত। কাজেই তাদের সঞ্চয় ও ঋণ পরিশোধ যে নিয়মিত হত তা আমরা ভালভাবেই জানতাম।

* Swarna Jayanti Gram Swarozgar Yojana (SGSY) হল দারিদ্র সীমারেখার নিচে বসবাসরত গ্রামীণ জনগনের জন্য ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে সেল্ফ ইমপ্লয়মেন্ট সরবরাহের ক্ষেত্রে ভারতের সরকারী ঋণ কাম সাবসিডি স্কীম।

NABARD এর উৎসাহমুলক সহায়তা প্রসঙ্গে উপরে বর্ণনা করা হয়েছে। সম্ভবত খুবই প্রত্যন্ত ও দরিদ্র জেলা হিসেবে পুরূলিয়ার SHG লিংকেজ বৃদ্ধির হার দেখে আশ্চ্যার্জিত হওয়ার কিছুই নেই। প্রাদেশিক সরকারী পলিসির কারনে স্থানীয় জনগণের ১৪০০ পরিবারের মধ্যে বারারাঙ্গা PACS ৯৮% সদস্য। মোট জনসংখ্যার ৫৫% এর বেশি PACS এর সাথে সঞ্চয়কারী এবং ২৭% হলো ঋণগ্রহীতা। গবেষনার সময় ৮৫ SHGর ১৬০০০ হাজার সদস্যের বেশরিভাগ মহিলা ছিল (SGSY সমিতি ব্যাতীত)।

এই বৃদ্ধি DCCB পর্যায়ে প্রতিফলিত হয়েছে। SGSYর সঞ্চয়ী হিসাব প্রায় ৭০% বৃদ্ধি পাচ্ছে। (২০০৪ থেকে ২০০৬ সালের গড় বৃদ্ধির হার) যা ঋণ বিতরণের সময়ে বৃদ্ধি পেয়ে প্রায় ৪৭% হয়েছে। শুরুতে সমিতির তড়িৎ গঠন বৃদ্ধির দিকে পরিচালিত করে কিন্তু আদায়ের হার থাকে খুবই নগন্য। পুরুলিয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংকের বৃদ্ধির উপর ফোকাসের কারণে এটি সম্ভব হয়েছে। এই কৌশলটা অসফলতার হারকে নিম্নমুখী করতে সহায়তা করেছে, যা বছরের সবচেয়ে বেশি বৃদ্ধি ছিল এবং নিম্নতর পর্যায়ের বৃদ্ধি ও বেড়েছে। স্টাফদের সাথে কথোপকথনের মাধ্যমে প্রকাশিত হয় যে, নতুন সমিতি গঠনের তুলনায় ঋণ প্রদানকৃত সমিতির ঋণ আদায়ের উপর জোর দেওয়ার পদক্ষেপ গ্রহনের মাধ্যমে দ্রুত বৃদ্ধি প্রাপ্ত ঋণের পরিমাণের ঝুঁকি কমানো নিশ্চিত করনে PACS ফোকাস বৃদ্ধি পেয়েছে। ঠিক একই সময়ে তারা হার নির্নয় ব্যবস্থায় কাজ করতে চেষ্টা করেছিল। তাদের পর্যায়ে তারা SGSY ও অন্যান্য দলের রিপোর্টিং বিভক্ত করতে সম্ভবপর হয়নি কারণ PACS সবাই বারারাঙ্গা নিয়ম অনুসরন করে না।

**ছক ৫ ঃ পুরুলিয়া জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংক ঃ SHG লিংকেজ অবস্থা ঃ**

| ৩১ মার্চ | ২০০৪ | ২০০৫ | ২০০৬ | গড় প্রবৃদ্ধি (%) |
|---|---|---|---|---|
| সংযুক্ত SHGর সংখ্যা | ৬১৮ | ১,০৭৬ | ১,৩২৬ | ৪৮.৫↑ |
| মোট সদস্য সংখ্যা | ৭,০৪৪ | ১৩,২২১ | ১৬,০৬৭ | ৫৪.২↑ |
| সঞ্চয় তহবিল (হাজারে) | ৩২.৬ | ৬৬.৫ | ৮৯.৩ | ৬৮.০↑ |
| ঋণ সংযুক্ত SHGর সংখ্যা | ২৩৫ | ২৮৭ | ৩৪১ | ২০.৪↑ |
| মোট ঋনীর সংখ্যা | ৩,৩০৫ | ৩,৫০৪ | ৪,৩১০ | ১৪.৫↑ |
| ঋন বিতরণ ($ হাজারে) | ৮২.৬ | ১৪১ | ১৭৩ | ৪৬.৬↑ |
| পরিশোধের হার % | ৬০% | ৬০% | ৮২% | গড়= ৬৭.০ |

Purulia Central Co-operative Bank, 2006

***আউটরীচের গভীরতা***

**বক্স-২ কর্মীর মতামত ঃ**

সমিতিতে কে আসবে আর কে আসবে না এ ব্যাপার আমরা বিশদভাবে কিন্তু বলতে পারি না কেননা এটি গ্রাম বাসীর পছন্দ যে, তারা কিভাবে সমিতি গঠন করবে। এই সিদ্ধান্ত তারা নিজেরাই নিয়েছে। কিন্তু আমরা সময়ের পরিপ্রেক্ষিতে দেখেছি যে, উচ্চ ও মধ্যবিত্ত পরিবার গুলোর কোন আগ্রহ নেই। যারা এগিয়ে এসেছে তারা সবাই হচ্ছে দরিদ্র-ও হতদরিদ্র পরিবার। আমরা কেবলমাত্র সমিতি গঠনে সদস্য হওয়ার ব্যাপারে একই ধরনের/স্তরের পরিবার গুলোকে যতটুকু সম্ভব ঠিক ততটুকু উৎসাহ প্রদান করেছি। NABARD একই ধরনের জাতি নিয়ে সমিতি গঠনে উৎসাহ প্রদান করেছে। কিন্তু এইভাবে সমিতি গঠন করা খুব সহজ নয়, কেননা,অনেক সময় যখন প্রথমে ১টি সমিতি গঠন করা হলো তখন তাদের মধ্যে একই জাতির সদস্য নির্বাচনে ঘাটতি দেখা দেয় তখন অন্য জাতির মধ্যে থেকে মহিলা সদস্য এই সমিতিটিতে যোগদান করে। ঠিক একই ভাবে বিভিন্ন অর্থনৈতিক অবস্থার মহিলা সদস্যকে নিয়ে সমিতি গঠন করা হয়। যে সমস্ত এলাকা গুলোতে চাষাবাদ যোগ্য জমির অভাব রয়েছে সেই লাইনগুলো ব্লাড হয়ে যায়। নামোপাড়ার (দৈবচরিত গ্রামের একটি) উপজাতি ও মাহাতো যারা প্রথাগতভাবে বিভিন্ন অর্থনৈতিক অবস্থা ও জাতি হিসাবে বিবেচিত হতো তারা এখন সবাই একসাথে পাথর কাটার কাজ করে। তারা সবাই গরীব। আমরা এই বিষয়গুলো বুঝেছি এবং সেই জন্য আমরা সমিতি গঠনের পূর্বে সদস্যদের সিদ্ধান্ত নিতে সুযোগ দিতাম।

**সনকুরা গ্রামের SHG সদস্যগণ**

(পুরুষ SHGর সদস্য) ঃ- এই গ্রামের সবচেয়ে বড় সমস্যা হলো ল্যাট্রিন তৈরি করার মতো কোন সামর্থ নেই। গ্রামের রাস্তা এতই খারাপ যে, ডেলিভারি ট্রাক পর্যন্ত এখানে আসতে পারে না। ইহা হতে তারা মুক্ত হবে এটি খুবই কঠিন। সরকারী অফিসগুলো এখানে আসা ছেড়ে দিয়েছে। যদি তুমি ধনী হও তবে তোমার ১টি রেডিও ও টিভি থাকা কোন ব্যাপার নয়। তবে তাদের কোন ল্যাট্রিন নেই। কিন্তু PACS ম্যানেজার SHG কিষান ক্রেডিট কার্ড সম্পর্কে তাদের বলার জন্য আসতো। আমরা এখনোও কোন কিষান কাড পাইনি। ম্যানেজার কে জিজ্ঞাস করলাম কেন? কিন্তু আমাদের SHG আছে । SHG উন্নয়নের জন্য PACS ভালকাজ করেছে, যদি তা না করতো তবে কে আমাদেরকে পরিদর্শন করতে আসত?

(মহিলা SHGর সদস্য)" প্রথম বারের মত আমরা ঋণ পেতে পারি। PACS কি তা পূর্বে আমরা জানতাম না । কিন্তু যখন তারা সমিতিতে আমাদের কে সাহায্য করতে শুরু করল তখন আমরা বুঝলাম। আমরা নিয়মিত সঞ্চয় রাখতে চেষ্টা করলাম । যেখানে সঞ্চয়ের সুযোগ আছে সেখানে সবাই সঞ্চয় করতে পারে। যদি সঞ্চয়ের কথা বলি তবে তা অবশ্যই কোন দেরী ছাড়া নিদিষ্ট দিনে খূবই নিয়মিত হত। হত দরিদ্ররা কি এগিয়ে আসবে না ? হ্যাঁ আবশ্যই হত দরিদ্রদের জন্য সঞ্চয় করা খুবই কঠিন । চার টি সমিতির সবাই খুবই গরীব অথবা মধ্যবিত্ত কিন্তু যারা গরীব তারা পর্যায় ক্রমে সমিতিতে যোগদান করেছে। তারা যতটুকু পারে সে পরিমানে সঞ্চয় করতে তাদেরকে বলতাম। সাম্প্রতিক তারা তাদের নিজেদের সমিতি গঠন করেছে। তাদের জন্য সঞ্চয়ের পরিমান খুবই কম । PACSর মত একই SHGও কাজ করে। কিন্তু PACS হল খুবই বড় ধরনের ঋন দেওয়ার মত তাদর অনেক টাকা আছে। এবং SHGর মাধ্যমে প্যাকের সেবাকে আমরা ব্যবহার করতে পারি, কেননা আমাদের কোন জমিজমা নেই।

**নোটঃ** (KCC) ঘূর্ণায়মান নগদ ঋণ সুবিধা প্রদান করে যার উত্তোলন ও পরিশোধ সীমাবদ্ধ নয়। চাষকৃত জমির মালিকানা ফসলের ধরণ ও পরিমাণ এর উপর KCC ঋণ সীমা নির্বাচিত হয়।

পুরুলিয়ার বারারাঙ্গা PACS একটি খুবই দারিদ্র জেলা সীমা রেখার নিকটে অবস্থিত। পশ্চিম বাংলার সবচেয়ে দারিদ্র জেলা গুলোর মধ্যে বানকুরা পুরুলিয়া নিজে একটি দরিদ্র জেলা (গড় প্রতি নিম্নতম আয়) এবং এটি ভারতের মধ্যে সবচেয়ে দরিদ্র গুলোর মধ্যে অন্যতম। একটি স্থানে ৪৩% পরিবার দরিদ্র সীমারেখার নিচে বসবাস করে । (Government of India 2004) এ জেলায় ১৩০টি PACS আছে। এখানকার পরিবার গুলো ব্যাপক ভাবে কৃষির উপর নির্ভরশীল এবং তারা একই ধরণের ফসল আবাদ করে (বেশিভাগ ধান উৎপাদন করে)।

স্থানীয় জনসংখ্যার ৮০% হলো উপজাতি ও নিম্নবর্ণের। আনন্দের বিষয় হল SHG লিংকেজ কেবল মাত্র দরিদ্র মহিলা সদস্যদের হার বৃদ্ধি করেনি । বরং সাধারন সদস্য হিসেবে ব্যক্তি গত মহিলা সদস্যের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে মহিলার তাদের নিজেদের নামে জমি করতে পেরেছে, তারা SHG এর জন্য ধনী হয়েছে কিন্তু তারা PACS এর সদস্য হওয়ার SHGএর মহিলাদের কাছ থেকে ধারনা পেয়েছে। এক্ষেত্রে সন্দেহ নেই যে PACS তাদের নতুন সদস্যদের জন্য সংবিধান তৈরি করেছে।

PACS এলাকায় দৈবচরিত ভাবে নির্বাচিত সমিতিগুলোর সম্পদের স্তর বিন্যাস অনুশীলন্দে দেখা যায় ৭০% সমিতির মধ্যে হত দরিদ্র সংখ্যা ২০-৫০%। এই নির্দেশনায় মনে হয় যে, SHG এর অতিদরিদ্র পরিবার গুলোর প্রতিনিধিত্ব সর্বোপরি গ্রামের জনসংখ্যার উপস্থিতির পরিমান খুবই বেশি। সর্বোপরি নির্বাচিত গ্রামের (দারকিদাওয়া ও সনকুরা) মোট জনসংখ্যার হত দরিদ্র পরিবারের হার ১০-১৫% ছিল। অবশিষ্ট সমিতি গুলো সম্পূর্ন রুপে হত দরিদ্র পরিবার অথবা সম্পূর্ন রুপে মধ্যবিত্ত পরিবার নিয়ে তৈরি হয়েছে। অফিসিয়াল ভাবে বলা যায় যে, এই প্রত্যন্ত অঞ্চলে প্রচন্ড দারিদ্রতার কারনে সমিতির সংখ্যা বৃদ্ধি করা খুবই ব্যয় সাপেক্ষ মুলতঃ অতি দারিদ্র জনসংখ্যার কম ঘনত্ব এবং উচ্চহারে স্থানান্তরের কারণে এই হার আদর্শ স্বরুপ। জাতীয় পর্যায়ে এটি নিরুপিত হয় যে, SHG এর ৫০% সদস্য দরিদ্র এবং প্রকৃত পক্ষে সীমিত কয়েক জন হত দরিদ্র। (EDA Rural System & APMAS, 2006)

***আউটরীচের দৈর্ঘ্য ঃ***

PACS এর জন্য সাধারন ভাবে লিংকেজ পরিস্কার ভাবে আকর্ষনীয়। PACSর সকল কর্মকান্ডের সাথে SHGর তুলনা করলে দেখা যায় যে, ৮৫% সঞ্চয় যোগসূত্র সম্বলিত SHG প্রকৃত পক্ষে ভালো ভাবে চলছে। SHGতে ৯০% ঋণ পরিশোধের হার PACSর জন্য ৬০% ঋণ পরিশোধের চেয়ে বেশি। সর্বোপরি PACSর ৫৭% পরিশোধের হারের চেয়ে DCCB, SHG এর পরিশোধের হার ৮২% বেশি। (মূল আর্থিক অনুপাতের সারাংশের জন্য Annax-D দেখুন)

SHGর কর্ম সূচী সদস্য সংখ্যা কম ও বৃদ্ধির হার নিম্ন হওয়া সত্বে ও অপারেশনাল স্বনির্ভরতা ৯৭%। এর বৃহৎ একটি কারন হল SHGকে পরিচালনা ও উন্নয়নের কাজে PACS খরচ স্বল্প বিশেষ করে কর্মী খরচ। অপারেশনাল খরচ হিসাব করলে অনুমান করা যায় যে, এক বছর ধরে SHGর কর্মসূচীতে নিয়োজিত স্টাফদের দৈনিক খরচের ভিত্তিতে তৈরি করা হয়েছে। ভ্রমন এবং প্রশাসনিক সংক্রান্ত খরচ SHG ঋণের হারের উপর হিসাব করা হয়েছে যা ব্যাংকের সর্বোপরি ঋণ সাপেক্ষে। আদর্শ গত ভাবে পরিশোধের ফলোআপ করার জন্য নতুন সমিতির মান উন্নয়নে সবচেয়ে বেশি, মার্চ মাসের (আর্থিক বছর শেষ হওয়ার পূর্বে) পূর্বে বিনিয়োগ করা হয়েছে । যাইহোক, এই PACS জুন জুলাই মাসে খরচ বৃদ্ধি পায় যখন স্বল্প মেয়াদী (১২-১৫ মাসের) ঋণের চাহিদা করে এবং ডিসেম্বর মাসে সাধারনত ঋণ আদায় ও নতুন ঋণ প্রদান করা হয় যা SHG গঠনে ভ্রমণ খরচ কমাতে সহায়তা করে।

নভেম্বর মাসে ধান কাটা হয় কিন্তু দারিদ্রতার কারনে তাড়াতাড়ি ডিসেম্বর মাসের মধ্যে ধান বিক্রি করে ফেলে। অথচ চাষাবাদ মৌসুম পর্যন্ত অপেক্ষা করে এটি বিক্রি করলে তারা ভাল দাম পেতে পারে।

অপারেশনাল খরচের অনুপাত খুবই কম। নিম্ন স্বাস্থ্যকর্মী খরচ অপারেশনাল খরচকে কম রাখতে যথেষ্ট সহায়তা করে। বার্ষিক বেতন (যেমন ২২২ একজন সিনিয়র ম্যানেজারের জন্য) স্থানীয় এলাকার জন্য খুব বেশি নয় যা প্রত্যন্ত অঞ্চল গুলোতে কোন কারন ছাড়াই সীমিত। কিছূ ক্ষেত্রে, মান সম্পন্ন সেবার ব্যয়, খরচ নিয়ন্ত্রন ও যথপোযুক্ত ঝুঁকি ব্যবস্থাপনা PACS ঋণ মুক্ত রেখেছে। খরচ কমানোর মধ্যে মেয়াদী প্রভাব সমিতির মানের উপর পড়ে।

নতুন সম্পদ শ্রেণী হিসেবে SHGর ঋণের ঝুঁকি কমাতে সহায়তা করে বিশষত কৃষিঋণের ক্ষেত্রে। এছাড়াও বারারাংগা PACS এ SHGর সঞ্চয়ের বৃদ্ধির হার প্রতি বছর ১০০%। এটি PACS আউট প্রয় দ্বিগুণ করেছে। SHGর সঞ্চয়ের PACS এর সঞ্চয়ের ২৫% গঠন করেছে। যা ফান্ডের সহজ উৎস এবং আর্থিক তহবিলের জন্য উপকরণ। ফান্ড সমূহ সহজলভ্য এবং সর্বোপরি SHGর প্রডাকটের খরচের অনুপাতে খুবই কম। যখন এই PACS ও পুরুলিয়া DCCB NABARD এর পুনঃ অর্থায়নের জন্য উপযুক্ত বিবেচিত হয়, তখন DCCB নিজেরই এই অঞ্চলে PACS সমূহের মধ্যে তহবিল সংগ্রহে অভিযান শুরু করে।

এর সম্মুখে বারারাংগা PACS ভাল ভাবে কাজ করেছে ইহা একটি ‘সি’ গ্রেডের PACS যা অপারেশনালী ৯৯% টেকশই এবং SHG প্রডাকট ভালভাবে কাজ করেছে এবং আর্থিকভাবে উপযোগী। PACSএর SHG লিংকেজের নির্বাচনের ক্ষেত্রে আমরা PACS এর নিরীক্ষিত গ্রেড এবং SHGর আউটরীচের ব্যাপকতার কোন সরাসরি সম্পর্ক খুঁজে পাইনি। ৩০ বছরের মধ্যে এই প্রথম (১৯৭৬ সালে এটি নিবন্ধনের পর হতে) PACS মুনাফা করল কিন্তু ক্রমপুঞ্জিভুত ক্ষতি রাইট অফ করেনি এবং সিস্টেম হিসাবে (যেমন ৪০%) প্রকৃতপক্ষে অদ্যাবধি উপযোগী অধিক পরিচিত এইসব কারণসহ সঞ্চয়ের গ্যারান্টির কারণে (ব্যাংক হিসাবে নিবন্ধনকৃত সমবায় বাদে) ইহা একটি ভাল সঞ্চয় গ্রহণকরা প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠতে পারেনি।

PACS সুদের হার এখনও খুবই কম। ১১% আর্থিক খরচের অনুপাতে সুদের হার বর্তমান পর্যায়ের চেয়ে বেশি হওয়া প্রয়োজন। যার বিস্তৃতি ১০% (কৃষিঋণের ক্ষেত্রে) হতে ১২% (SHG ঋণের জন্য)। যাইহোক, PACSর সুদের হারের ক্ষেত্রে উদার হওয়া সত্বে ও স্থানীয় কমার্শিয়াল ব্যাংকের প্রতিযোগীতার ভয়ে সুদের হার কম আছে।

সমবায় ব্যবস্থার ভিত্তি থাকা PACS স্বায়ত্বশাসন ও সুপরিকল্পিত ব্যবসায়িক পরিকল্পনার অভাবের সত্যটা হল, মুখোমখি হয়। সংকুচিত করা অথবা বৃদ্ধি করার জন্য উপর থেকে সুপারিশ আসে। ব্যাপকহারে কোন লক্ষ্য DCCBর যে কোন সুপারিশের স্থানীয় বাস্তবতা অথবা সম্ভাবনার চেয়ে সরাসরি অর্থের উৎস হিসাবে গন্য হয়।

***আউটরীচের পরিধি ও সদস্যদের চাহিদা ঃ***

SHGসহ অন্যান্য অনানুষ্ঠানিক ব্যবস্থা স্থানীয় সেবা বিভিন্ন ধরনের জীবিকা নির্বাহ ও জীবন চক্রের প্রয়োজনে ব্যাপকহারে ব্যবহৃত হয়। SHGর সদস্যদের সাথে ফোকাস গ্রুপ আলোচনা থেকে দেখা যায়। নিয়মিত সঞ্চয় রাখার স্থান হিসাবে SHG একটি মুল্যবান স্থান যেখান থেকে সময়মত, নিয়ম মাফিক পেপার ওয়ার্ক সম্পন্ন করার মাধ্যমে সদস্যদের চাহিদানুযায়ী স্বল্প পরিমাণ ঋণ পাওয়া যায়।

চাহিদার দিক থেকে PACS এর সাথে লিংক করার যথেষ্ট সুবিধা আছে। SHG সদস্যরা বিভিন্ন সুবিধার জন্য বিভিন্ন অগ্রাধিকারের কথা ফোকাস দলে তুলে ধরেছে। PACS এর মূল্য তাদের কাছে অনেক বেশী। বিশেষ করে, অধিক অনগ্রসর SHGর জন্য PACS নিম্ন সুদে ঋণ প্রদান করে এবং SHGর চেয়ে বড় আকারের ঋণ প্রদান করে। ভৌগলিক সান্নিধ, সুবিধা ও অভিগম্যতার (নমনীয় কর্মঘণ্টা, বাড়ী বাড়ী ব্যাংকিং) এবং স্থাণীয়ভাবে কর্ম নিয়োগ দেওয়ার কারণে কমার্স ব্যাংকের বিরুদ্ধে PACS জয়লাভ করে। SHG সদস্যদের পরিবার থেকে সাধারণভাবে অন্ততঃ একজন PACS এর সদস্য হিসাবে থাকত, ফলে এদের সেবামূলক সচেতনতা খুবই উঁচু মানের (সর্বজনীন সদস্যপদ নীতি)। সরকারী এজেন্সী হিসেবে ইমেজের কারণে PACS এর উপর নির্ভরশীলতা দেখা যায়।

**ছক ৬ ঃ বিকল্প আর্থিক সেবা সমূহ ঃ**

| উৎস | পরিমান (নিম্ন, সর্বোচ্চ, গড়) | মেয়াদ, পরিশোধের ফ্রিকোয়েন্সী | ব্যবহার | নমিনাল সুদের হার, ফি, সঞ্চয় বাধ্যতামূলক | দুরত্বের হাটার মধ্যে | অন্যান্য শর্তাবলী |
|---|---|---|---|---|---|---|
| মহাজন/ ভূমালিক (SHG ধার নেয়না) | রেঞ্জ US $ ৫০-২০০ আনুমানিক | নির্ধারিত নয়, সুদের পরিশোধের হার কমপক্ষে বাৎসরিক | জীবনচক্র খরচ, স্থানান্তরের জন্য খরচ,কৃষি কাজের জন্য মূলধন | ১২০% | হাঁ | বন্ধকী-বৃহৎ ঋনের জন্য জমির দলিল, ক্ষুদ্র ঋনের জন্য পারিবারিক সম্পদ (সবসময় ঋণের পরিমানের অনুপাতে নয়) |
| বন্ধু ও আত্নীয় স্বজন | রেঞ্জ US $ ৫০-২০০ আনুমানিক | নির্ধারিত নয় | নমনীয় কিন্তু ক্ষুদ্র ব্যবহার ও জীবনচক্রে ঘটনার জন্য। | সাধারনত: ফ্রী | হাঁ | বন্ধকী নয় |
| SHG | রেঞ্জ US $ ৫০-২০০ আনুমানিক | ১ বৎসর-মাসিক পরিশোধ | পরিপূর্ণভাবে নমনীয়। কিছু SHG যৌতুক ব্যবহারের জন্য ফান্ড অনুমোদন দেয না | ১৫-১৮% | হাঁ | সঞ্চয় প্রদান নীতি (মাসিক US $ ০.৩৩-০.৪৪) |
